

CONSULATE GENERAL OF THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH
34-18 Northern Boulevard, Ground Floor, Long Island
City, NY 11101
Tel: 212-599-6767 Fax: 212-682-9211
Email: contact@bdcgny.org Web: www.bdcgny.org



PERMANENT MISSION OF BANGLADESH
TO THE UNITED NATIONS
820 East, 2nd Avenue, Diplomat Center, New York, NY-10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail:
bdpmny@gmail.com
web site: www.un.int/bangladesh

১৩ ফেব্রুয়ারী ২০১৮

বিজ্ঞপ্তি

আগামী ১৭ মার্চ ২০১৮ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৮ উপলক্ষে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক যৌথভাবে শিশুদের জন্য বয়সভিত্তিক চিত্রাঙ্কণ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী নিম্নরূপ:

বিষয়বস্তু	ক গ্রুপ: বয়স ০৫-০৭ বছর	খ গ্রুপ: বয়স ০৮-১১ বছর	গ গ্রুপ: বয়স ১২-১৬ বছর	তারিখ	সময়
চিত্রাঙ্কণ	বাংলাদেশের প্রকৃতি	মুক্তিযুদ্ধে বাংলাদেশ	প্রযোজ্য নয়	১০ মার্চ ২০১৮ শনিবার	বিকাল ০৩.০০-০৫.০০
রচনা	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	বঙ্গবন্ধুর সোনার বাংলা	১০ মার্চ ২০১৮ শনিবার	বিকাল ০৩.০০-০৫.০০

ক) **চিত্রাঙ্কণ প্রতিযোগিতা:** প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক (34-18 Northern Blvd. Ground Floor, LIC, New York, NY 11101) এর অডিটোরিয়ামে। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে ১৭ মার্চ ২০১৮ তারিখ, সন্ধ্যা ০৬.০০-০৮.০০ টায় বঙ্গবন্ধু অডিটোরিয়াম, জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্কে (820 Diplomat Center, 2nd Avenue, 4th Floor (between 43-44 streets), New York, NY 10017)।


খ) **রচনা প্রতিযোগিতা:** ১০০০ (এক হাজার) শব্দের মধ্যে লিখিতভাবে বাংলায় "বঙ্গবন্ধুর সোনার বাংলা" অথবা ইংরেজীতে "'Bangabandhu's Golden Bengal'" শীর্ষক রচনা ১০ মার্চ ২০১৮ তারিখে বিকেল ৩.০০-৫.০০ টার মধ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এ উপস্থিত হয়ে অথবা ই-মেইল যোগে (contact@bdcgny.org) জমা দিতে হবে। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে ১৭ মার্চ ২০১৮ তারিখ, সন্ধ্যা ০৬.০০-০৮.০০ টায় বঙ্গবন্ধু অডিটোরিয়াম, জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্কে (820 Diplomat Center, 2nd Avenue, 4th Floor (between 43-44 streets), New York, NY 10017)।


গ) চিত্রাঙ্কণ প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিশুর নাম, বয়স, পিতা/মাতার নাম ও ফোন নম্বর এবং যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক রেজিস্ট্রেশন ফর্ম contact@bdcgny.org ই-মেইল একাউন্টে আগামী ০৭ মার্চ ২০১৮ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ই-মেইলের পাশাপাশি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক-এর ঠিকানায় ডাকযোগেও আবেদন প্রেরণ করা যাবে।

ঘ) প্রতিযোগীদের শুধুমাত্র আর্ট পেপার সরবরাহ করা হবে। চিত্রাঙ্কণের অন্যান্য উপকরণ সামগ্রী প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে বহন করতে হবে।

ঙ) প্রতিযোগীদের মূল্যায়নে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কর্তৃক মনোনীত বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত উক্ত প্রতিযোগিতায় শিশুদের অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।


(মো: সাহেদুল ইসলাম)
ডেপুটি কনসাল জেনারেল
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক


নিরুপম দেব নাথ
দূতালয় প্রধান
জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক